



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৫ এপ্রিল ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ০৫ এপ্রিল ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর বিবিরহাটস্থ হাটহাজারী রোডের বশর মার্কেট সংলগ্ন এলাকায় অবৈধভাবে ফুটপাথ দখল করে পুরানো গাড়ীর যন্ত্রাংশ রেখে জন দূর্ভোগ সৃষ্টি ও সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স না থাকায় আলমগীর মোটরসকে ১০ হাজার টাকা, সালাম মোটরসকে ৫ হাজার টাকা, মেসার্স হাসান মোটরসকে ৫ হাজার টাকা, রিপন মোটরসকে ৫ হাজার টাকা, চিটাগাং মোটরসকে ২ হাজার, বিএইউ শেড টো পার্টকে ২ হাজার ও বেলাল মোটরসকে ২ হাজার টাকা সহ মোট ৩১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম-৫ এপ্রিল ২০১৮ খ্রি.

আলোকিত সমাজ গড়ার লক্ষ্যে নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক থেকে মুক্ত করতে হবে-- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আলোকিত সমাজ গড়ার লক্ষ্যে নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক থেকে মুক্ত করতে হবে। এ লক্ষ্যে মাদকাসক্ত ঘৃণ্য ব্যক্তিদের চিহ্নিত করে তাদের ছবি পত্রপত্রিকাসহ গণমাধ্যম এবং সমাজে ছড়িয়ে দেয়া হবে। ফলে জনগণ এদের ঘৃণার চোখে দেখবে। তিনি বলেন, সকলের বসবাসযোগ্য নিরাপদ নগরীর স্বার্থে জনগণের ঐক্যবদ্ধ শক্তিকে সামনে নিয়ে নগরীর ৪১ টি ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কঠোর অবস্থান গ্রহন করা হবে। ৫ এপ্রিল ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকালে চট্টগ্রাম নগরীর ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডে স্থানীয় আজাদ কমিউনিটি সেন্টারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব এম. মোবারক আলী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমের

উপস্থাপনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল, ১৫নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ৩৩নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিন পারভীন জেসী, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) মিসেস জাহানারা ফেরদৌস, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিচালক (মেট্রো) শামিম আহমদ। সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে মতামত ব্যক্ত করেন সাম্যবাদী দলের অমূল্য রঞ্জন বড়ুয়া, আলহাজ্ব ইসকান্দর মিয়া, আবদুল মালেক, আনোয়ারুল ইসলাম বাপ্পী, মো. নাছির আলম, স্বপন মোল্লা, মনসুর রহমান চৌধুরী, আবু তাহের, রেজাউল বাহার, ইসকান্দর ইস্কু, সাইফুদ্দিন, নজরুল ইসলাম, প্রফেসর এনামুল হক, আলহাজ্ব নুরুল ইসলাম ইচ্ছু, জাবেদুল ইসলাম, শামিমা আফরিন মুক্তি, কান্তা ইসলাম মিনু, হোসনেআরা পারুলসহ বিভিন্ন শ্রেণী ও পেশার প্রতিনিধিবৃন্দ। সুধি সমাবেশে প্রধান অতিথির ভাষণে মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, পরিসংখ্যানে দেশে ৭০ লক্ষ মাদকসেবীর তথ্য জানা যায়। এদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য সমাজ, দেশ ও পরিবারকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হচ্ছে। মেয়র বলেন, প্রতিটি ওয়ার্ডে এবং পাড়ায় মহল্লায় কমিটি গঠন করে মাদক সেবী, বিক্রেতা, সন্ত্রাসী ও জঙ্গী কার্যক্রমে লিপ্তদের চিহ্নিত করে সামাজিক আন্দোলন গড়ে তোলা হবে। এ লক্ষে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন